

অর্পিত পুকুর নিলাম ডাকের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উল্লাপাড়া উপজেলাধীন চড়িয়া মৌজাহ পুকুরটি আগামী ১৮-১০-২০২২ খ্রি. তারিখ উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে অর্পিত সম্পত্তি প্রত্যর্পন (ষিষ্ঠী সংশোধন) আইন, ২০১৩ ও ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯০ মোতাবেক ১৪২৯ হতে ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদান করা হবে। অর্থাৎ ডাককারীগণকে ধার্য তারিখে নির্দিষ্ট সময়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অর্পিত পুকুরের বিবরণ

ক্রমিক নং	মৌজার নাম	তফসিল			পূর্বের ডাকমূল্য	২৫% বৃদ্ধিতে ডাকমূল্য	নিলাম অনুষ্ঠানের সময়
		খতিয়ান নং (এসএ/আরএস)	দাগ নং (এসএ/আরএস)	জমির পরিমাণ (একরে)			
০১	চড়িয়া	৪৬৬/১২৯৩	১৯০০/২৩৪৭	০.৫৭০০	১৮,০০০/-	২২,৫৫০/-	সকাল ১০.০০ ঘটিকা

শর্তাবলীঃ

- সংশ্লিষ্ট পুকুরটির সরকারী ডাকমূল্য প্রকাশ্য নিলাম ডাকের পূর্বে সকলকে অবহিত করা হবে।
- প্রত্যেক ডাক অংশগ্রহণকারীকে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে।
- সর্বোচ্চ ডাককারীকে ১ বৈশাখ ১৪২৯/ ইজারা প্রদানের তারিখ হতে ৩০ টৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ইজারা প্রদান করা হবে।
- ডাক কার্যক্রম সম্পন্ন হওয়ার পর জেলা প্রশাসকের কার্যালয় প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এর কার্যালয় হতে অনুমোদন সাপেক্ষে ডাককারীর অনুকূলে ডিসিআর প্রদান করা হবে।
- উক্ত তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন আদালত আদেশ দ্বারা বারিত করলে সংশ্লিষ্ট তফসিল উক্ত বিজ্ঞপ্তিতে প্রকাশিত হয়নি মর্মে গন্য হবে।
- ডাককৃত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রযোজ্য হবে।
- নিলাম ডাকের ক্ষেত্রে সরকারি বিধি প্রযোজ্য হবে।
- ইজারা প্রদানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*(Handwritten Signature)*  
১১/১০/২০২২

(ইসরাত জাহান)  
সহকারী কমিশনার (ভূমি)  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

[acl.ullapara.sirajganj.gov.bd](http://acl.ullapara.sirajganj.gov.bd)

স্মারক নং : ৩১.৪৩.৮৮৯৪.০০১.০১.০০৫.২২- ২৬৬৪ (২০)

তারিখঃ ১১/১০/২০২২ খ্রি.

অনুলিপি:

- অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ।
- উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- সিনিয়র মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ [ ধার্য তারিখে নির্ধারিত সময়ে নিলাম কার্যক্রম সম্পন্ন হওয়ার সময় আইন শৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহের অনুরোধসহ]
- অফিসার ইনচার্জ, সলহা থানা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- চেয়ারম্যান, হাটিকুমরুল ইউনিয়ন পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ [ বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে লটকানো এবং বহল প্রচারের জন্য অনুরোধসহ]
- সভাপতি, প্রেসক্লাব, উল্লাপাড়া, সিরাজগঞ্জ [ বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য অনুরোধসহ]
- ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, পাটিলা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ কে বিজ্ঞপ্তি বহল প্রচারে জারির প্রতিবেদন এবং দফলপত্র ও মাফা সংক্রান্ত প্রত্যয়ন ধার্য তারিখের পূর্বে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- .....
- .....
- অফিস কপি।

*(Handwritten Signature)*  
১১/১০/২০২২

(ইসরাত জাহান)  
সহকারী কমিশনার (ভূমি)  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।